



বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-৩৮ জে,

তারিখঃ ০৪/০৩/২০২১ খ্রি.

অত্র কোর্টের হাইকোর্ট বিভাগের বিচার শাখা কর্তৃক গত ২৩.০২.২০২১ খ্রি. তারিখে প্রকাশিত ৩০ জে নং বিজ্ঞপ্তি আংশিক সংশোধনপূর্বক নিম্নবর্ণিত ছকের ১ নং ক্রমিকে বর্ণিত কর্মচারীর বিরুদ্ধে থানায় মামলা হওয়ায় এবং তিনি ইতোমধ্যে গ্রেফতার হওয়ায় তার উক্ত বদলীর আদেশ স্থগিত করা হলো। এছাড়া উক্ত বদলীর চেইন সমন্বয়ের স্বার্থে ২ নং ক্রমিকে বর্ণিত কর্মচারীকে ৪ নং কলামে উল্লিখিত কর্মস্থলের পরিবর্তে ৫ নং কলামে এবং ৩ নং ক্রমিকে বর্ণিত কর্মচারীকে বর্তমান কর্মস্থল হতে তার নামের ডান পার্শে ৫ নং কলামে বর্ণিত কর্মস্থলে স্ব-বেতনে আন্তঃজেলা বদলী করা হলো :

ক্রঃ নং	কর্মচারীর নাম ও নিবাস	পদবী ও বর্তমান কর্মস্থল	পদবী ও বদলীর আদেশাধীন কর্মস্থল	পদবী ও বদলীকৃত কর্মস্থল
১	২	৩	৪	৫
১.	জনাব মোঃ সামছুদ্দিন নিবাস-নোয়াখালী	বেঞ্চ সহকারী দ্রুত বিচার ট্রাইব্যুনাল-১, ঢাকা	বেঞ্চ সহকারী দ্রুত বিচার ট্রাইব্যুনাল, সিলেট	সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে থানায় মামলা হওয়ায় এবং তিনি ইতোমধ্যে গ্রেফতার হওয়ায় ৪ নং কলামে বর্ণিত তার উক্ত বদলীর আদেশ স্থগিত করা হলো।
২.	জনাব মোহাম্মদ ছায়েদুল হক নিবাস-কুমিল্লা	বেঞ্চ সহকারী জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, খুলনা	বেঞ্চ সহকারী দ্রুত বিচার ট্রাইব্যুনাল-১, ঢাকা	বেঞ্চ সহকারী বিশেষ জজ আদালত-৭, ঢাকা
৩.	জনাব মোশারফ হোসেন নিবাস-মানিকগঞ্জ	বেঞ্চ সহকারী বিশেষ জজ আদালত-৭, ঢাকা	---	রেকর্ড সহকারী (বেঞ্চ সহকারী) বিশেষ জজ আদালত, টাঙ্গাইল

২। উপরি-উক্ত ছকের ২ ও ৩ নং ক্রমিকে বর্ণিত কর্মচারীদ্বয়-কে প্রশাসনিক কারণে বদলী করায় তারা বিধি মোতাবেক টি.এ/ডি.এ পাওয়ার অধিকারী হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

আদেশক্রমে,

স্বাঃ/-

(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাঃ ও বিচার)

ফোন : ৯৫৬৬৮২৬।

তারিখঃ ০৪/০৩/২০২১ খ্রি.

স্মারক নং-১ই-১৩৪/২০১১ (অংশ-২)- ১৬৫৫/১২ জে,

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিশেষ জজ (জেলা জজ)-০৭, ঢাকা। সংশ্লিষ্ট কর্মচারী-কে আগামী ০৯/০৩/২০২১ খ্রি. তারিখের মধ্যে বর্তমান পদের কার্যভারমুক্ত করতঃ বদলীকৃত নতুন কর্মস্থলে অবিলম্বে যোগদানের নির্দেশ প্রদান করে বিষয়টি অত্র কোর্ট-কে অবহিত করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।
৩. বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল নং-১, ঢাকা।
৪. বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল, সিলেট।
৫. বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, খুলনা।
৬. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সি,জি,এ ভবন, কক্ষ নং-৫০৩, সেগুন বাগিচা, ঢাকা।
৭. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা/ সিলেট।
৮. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, টাঙ্গাইল।
৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. জনাব মোহাম্মদ ছায়েদুল হক (বেঞ্চ সহকারী, দ্রুত বিচার ট্রাইব্যুনাল নং-১, ঢাকায় বদলীর আদেশাধীন)। আপনাকে দ্রুত বিচার ট্রাইব্যুনাল নং-১, ঢাকা এর পরিবর্তে বিশেষ জজ আদালত-০৭, ঢাকায় আগামী ১১/০৩/২০২১ খ্রি. তারিখের মধ্যে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১১. অফিস কপি।

০৪/০৩/২০২১

(মোঃ মিজানুর রহমান)

সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভারঃ)

ফোন : ৯৫৬১৯৩২।